

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৬৫৪

খোয়াই, ১৪ নভেম্বর, ২০২৩

**খোয়াই জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির সভা**

খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে সম্প্রতি জিলা পরিষদের শিল্প বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন স্থায়ী কমিটির সভাপতি জলি বর্মণ। সভায় উপস্থিত ছিলেন জিলা পরিষদের সহকারী সভাধিপতি হরিশঞ্চ পাল, জিলা পরিষদের সদস্য রঞ্জিত সরকার, সদস্যা স্বরপা দত্ত, খোয়াই পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান টিংকু ভট্টাচার্য প্রমুখ। সভায় রেশম শিল্প দপ্তরের আধিকারিক জানান, চলতি অর্থবছরের ১০ নভেম্বর পর্যন্ত জেলায় তুঁত চাষীদের কাছ থেকে ১,৫৫৫ কিলোগ্রাম রেশমগুটি ক্রয় করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ৪ লক্ষ ৩৫ হাজার ৫১২ টাকা। জেলার ১৫৪ জন সুবিধাভোগী রেশম চাষীকে ৬৭ একর তুঁত বাগান করে দেওয়া হয়েছে। ব্যয় হয়েছে ১৭ লক্ষ ৪৯ হাজার ৩৫০ টাকা। এছাড়া তুঁত চাষীদের তুঁত বাগান পরিচর্যার জন্য প্রতি এক একরের জন্য ৩৫ হাজার ৪০০ টাকা করে সহায়তা দেওয়া হবে। এছাড়া জেলার বিভিন্ন স্থানের ৪২ জন তুঁত চাষীকে ১টি করে রেয়ারিং হাউস তৈরী করে দেওয়া হবে। খোয়াই জেলা প্রশাসনের টিআরএলএম ইউনিটের আধিকারিক জানান, জেলার বিভিন্ন ঝুকে স্বসহায়ক দলের ৬৮০ জন সদস্যকে প্রধানমন্ত্রী জীবন জ্যোতি বীমা যোজনার আওতায় আনা হয়েছে।

\*\*\*\*\*